

**বাংলাদেশ জাতীয় জাদুঘরে ‘জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক নেতৃত্ব
এবং সুবর্ণ জয়ন্তীতেদেশের উন্নয়ন’ শীর্ষ কসেমিনার ও সাংস্কৃতিক অনুষ্ঠান ২০২১**

মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও জাতীয় দিবস ২০২১ পালন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর আগামী ২৬ মার্চ ২০২১, শুক্রবার, বিকাল ৪.৩০মিনিটে জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে ‘জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক নেতৃত্ব এবং সুবর্ণ জয়ন্তীতেদেশের উন্নয়ন’ শীর্ষ কসেমিনার এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করেছে। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন পদ্মভূষণ ও স্বাধীনতা পদকপ্রাপ্ত বীরমুক্তিযোদ্ধা লে: কর্নে ল(অব:) কাজী সাজ্জাদ আলী জহির, বীর প্রতীক। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত থাকবেন বরেণ্য ইতিহাসবিদ ও বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি) এর বঙ্গবন্ধু চেয়ার বরেণ্য ইতিহাসবিদ অধ্যাপক ড. সৈয়দ আনোয়ার হোসেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি। সাংস্কৃতিক অনুষ্ঠানে সংগীত পরিবেশন করবেন শিল্পী দেবলীনা সুর ও শিল্পী নির্ঝর চৌধুরী।

সেমিনার ও সাংস্কৃতিক অনুষ্ঠানের সংবাদ সংগ্রহের জন্য আপনার বহল প্রচারিত সংবাদ মাধ্যমের প্রতিনিধি প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

ড. শিহাব শাহরিয়ার
কীপার, জনশিক্ষা বিভাগ
বাংলাদেশে জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক

ঢাকা